

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website : [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

৪৬.০২০.০০৪.০১.০০.৭১৭.২০১৫-২৮৮

তারিখ : ২১/১/১৬


বিষয় : রীট পিটিশন নং-১১১৮৭/২০১৫, বাদী জনাব মোঃ আবুল হাসেম, পিতা-মোঃ সিরাজুল হক, গ্রাম-মির্জাপাড়া, পোষ্ট+থানা-রৌমারী, জেলা-কুড়িগ্রাম এবং ভাইস চেয়ারম্যান, রৌমারী উপজেলা পরিষদ, উপজেলা-রৌমারী, জেলা-কুড়িগ্রাম-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দিতাকরণ সংক্রান্ত।

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা শিক্ষক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান নির্বাচিত হইলে তাহাদের শিক্ষা প্রতিষ্ঠানের চাকুরী বহাল রাখা সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১১১৮৭/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

  
২১.০১.১৬  
(মোঃ ইশান আলী রাজা বাঙালী)  
উপসচিব  
ফোন-৯৫৪০৯৯৫।  
Email-[ishanaliraja@gmail.com](mailto:ishanaliraja@gmail.com)

১। জেলা প্রশাসক  
কুড়িগ্রাম।

২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২)  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।